মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : বাড়ী নং-৩, রোড নং-ই/১, ব্লক-সি, শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

web: www.bise-sylhet.gov.bd
e-mail: info@bise-sylhet.gov.bd

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/২৭৫ তারিখ : ০৬/০৯/২০০৯খ্রিঃ

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাভুক্ত মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ২০১০ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক ছাত্র ছাত্রীদের আবেদন, নির্বাচনী পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফি জমা ইত্যাদি সম্পর্কিত সময়সূচি নিম্নে দেয়া হলো।

১.নিয়মিত পরীক্ষার্থী :

২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১০ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২.অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) সকল বিষয় :

২০০৬-২০০৭, ২০০৭-২০০৮ সালে নিবন্ধিত পরীক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে ২০১০ সালের এস.এস.সি. পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে -

(i) ২০০৮ ও ২০০৯ সালের এস.এস.সি.পরীক্ষা বা এ দু'য়ের যে কোন একটিতে অংশগ্রহণ করে অকৃতকার্য ;

(ii) যুক্তি সংগত কারণে উক্ত পরীক্ষাসমূহে অংশগ্রহণে ব্যর্থ;

(খ) ১ থেকে ৪ বিষয় :

(i) ১ থেকে ৪ বিষয়ে (৪র্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহে ২০১০ সালের এস.এস.সি. পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে সব বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে ২০০৮ ও ২০০৯ সালে নিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণকারী ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ii) ২০০৫-২০০৬ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ নির্দিষ্ট ফি জমাদান পূর্বক অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১০ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নবায়ন সম্পর্কিত তথ্যাদি অত্র বোর্ডের বিদ্যালয় শাখার নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

(গ) শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থী :

২০০৮, ২০০৯ সালের এস.এস.সি. পরীক্ষায় বহিষ্কৃত এবং শৃঙ্খলা ও আপিল কমিটি কর্তৃক শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শাস্তির মেয়াদ শেষ হলে রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১০ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৩. জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী :

২০০৯ সালের এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১০ সালের এস.এস.সি. পরীক্ষায় জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে এক থেকে চার বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা জি.পি.এ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জি পি এ উন্নয়নের জন্য দাখিলা ফরম পুরণকারী পরীক্ষার্থীদের মূল ট্রান্সক্রিপ্ট ও সনদ দাখিলা ফরমের সাথে বোর্ডের পরীক্ষা বিভাগের মাধ্যমিক শাখায় জমা দিতে হবে।

৪.পাঠ্যসূচি :

শুধুমাত্র ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীদেরকে বাংলা ১ম পত্র ও ধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা ২০০৯ সালের সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে হবে। রেজিঃ নবায়নসহ অন্যান্য সকল প্রকার পরীক্ষার্থীদেরকে (বাংলা ১ম পত্র ও ধর্ম শিক্ষা ব্যতীত) অবশিষ্ট সকল বিষয় ও পত্রের পরীক্ষা ২০০৮ সালের সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে হবে।

৫.নির্বাচনী পরীক্ষা :

জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত অন্যান্য সকল পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ অত্যাবশ্যকীয়। তবে ১ থেকে ৪ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রাপ্তির শর্ত মোতাবেক নবম শ্রেণীতে রেজিঃকৃত শিক্ষার্থীদের ৭৫% অবশ্যই এস.এস.সি পরীক্ষায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

৬. দাখিলা ফরম গ্রহণ :

দাখিলা ফরম,সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকার কম্পিউটার প্রিন্ট আউট ও অন্যান্য কাগজপত্র শিক্ষা বোর্ড হতে সংগ্রহের তারিখ : ১৫/১০/০৯ হইতে ২৬/১০/০৯ তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত)

৭. নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশের শেষ তারিখ : ০৫/১১/২০০৯

৮. বিলম্ব ফি ছাড়া ব্যাংকে ড্রাফ্‌ট করার শেষ তারিখ : ১৫/১১/২০০৯

৯. বিলম্ব ফি ছাড়া ব্যাংকে ড্রাফ্‌ট, আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র জমা দেওয়ার তারিখ :

মৌলভীবাজার জেলা	: ১৭/১১/২০০৯
সিলেট জেলা	: ১৮/১১/২০০৯
হবিগঞ্জ জেলা	: ১৯/১১/২০০৯
সুনামগঞ্জ জেলা	: ২২/১১/২০০৯

১০. পরীক্ষার্থী প্রতি ১০০/= হারে বিলম্ব ফি সহ ব্যাংকে ড্রাফ্‌ট করার শেষ তারিখ : (সকল জেলার জন্য) : ২৪/১১/২০০৯

১১. বিলম্ব ফি সহ ব্যাংকে ড্রাফ্‌ট ও আবেদন ফরম বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ (সকল জেলার জন্য) : ২৬/১১/২০০৯

১২. স্ক্রাইব নিয়োগ :

অন্ধ পরীক্ষার্থীদের লেখক (স্ক্রাইব) অষ্টম শ্রেণীর ছাত্র/ছাত্রীর মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত ছাত্র/ছাত্রীর বিবরণ ও দুই কপি সত্যায়িত ফটো সহ দরখাস্ত সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য আগামী ০৫/০১/২০১০ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছাতে হবে।

১৩. অন্য বোর্ডে রেজিঃকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিয়ে পরবর্তীতে অত্র বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৪. ২০১০ সালের এস এস সি পরীক্ষায় প্রথমবারের মত অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর বয়স ১ লা মার্চ, ২০১০ তারিখে অনূর্ধ ২০ (বিশ) বছরের মধ্যে হতে হবে। এ নিয়ম ভংগ করে ফরম পুরণ করানো হলে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধানকে বহন করতে হবে।

১৫. অনিয়মিত পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র এবং নিবন্ধন নবায়নকৃত এক বিষয়ের পরীক্ষার্থীদের নবায়নকৃত রেজিঃ কার্ডের ফটোকপি আবেদন পত্রের সাথে অবশ্যই সংযুক্ত করে দিতে হবে।

১৬. পরীক্ষার ফি ঃ (বোর্ডের প্রাপ্য)

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফিস (প্রতি পত্র)	ব্যবহারিক পরীক্ষার ফিস (প্রতি পত্র)	একাডেমিক ট্রান্সক্রি (প্রতি পরীক্ষার্থী)	সনদ ফি (প্রতি পরীক্ষার্থী)	অনিয়মিত ফিস (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি ও তালিকা ভুক্তি ফিস (প্রতি পরীক্ষার্থী)	স্কাউট ও গার্লস গাইড ফিস (প্রতি পরীক্ষার্থী)	শিক্ষা সপ্তাহ ফিস (প্রতি পরীক্ষার্থী)	বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (বিদ্যালয় প্রতি)	বিবিধ ফি (প্রতি পরীক্ষার্থী)
নিয়মিত	৫৫/=	২৫/=	৩৫/=	১০০/=	×	×	১৫/=	৫/=	২০০/=	১০/=
অনিয়মিত (এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী সহ)	৫৫/=	২৫/=	৩৫/=	×	১০০/=	×	১৫/=	৫/=		১০/=
জি পি এ উন্নয়ন	৫৫/=	২৫/=	৩৫/=	১০০/=	×	১০০/=	১৫/=	৫/=		১০/=

বিদ্রঃ যে সকল ছাত্র/ছাত্রী ২০০৯ সনের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছিল কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা উত্তীর্ণ হতে পারে নি তাদের মধ্যে যারা পুনরায় ২০১০ সনের পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে সনদপত্র ফি প্রদান করতে হবে না। তবে জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থীদের সনদপত্র ফি প্রদান করতে হবে।

১৭. (ক) কেন্দ্র ফি ঃ (কেন্দ্রের প্রাপ্য)

* সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই ঃ জনপ্রতি ২০০/= (দুই শত) টাকা
* সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে ঃ জনপ্রতি ২৫০/= (দুই শত পঞ্চাশ) টাকা

(খ) নির্বাচনী পরীক্ষার ফি ঃ

* যাদের নির্বাচনী পরীক্ষা আছে (জনপ্রতি) ঃ ১০০/= (এক শত) টাকা
* যাদের নির্বাচনী পরীক্ষা নেই (জি.পি.এ. উন্নয়ন) তাদের ক্ষেত্রে ব্যবস্থাপনা ফি (জনপ্রতি) ঃ ৫০/= (পঞ্চাশ) টাকা

১৮. এস.এস.সি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঃ ০১/০২/২০১০

বি.দ্রঃ ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি সংক্রান্ত প্রবিধিমালা-২০০৯ (গেজেট) - এর মূল্য বাবদ প্রতিষ্ঠান প্রতি ৫০/- (পঞ্চাশ টাকা) হিসেবে (সরকারী স্কুল ব্যতীত) পরীক্ষার ফি এর সাথে প্রদান করতে হবে।

6.9.09

(মোঃ মনির উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
ফোন ঃ ০৮২১- ৭২০৭০৭ (অফিস)

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/ ২৭৫ তারিখ ঃ ০৬/০৯/২০০৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ।
৪। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/যশোর/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। .... অত্র শিক্ষা বোর্ড।
৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
৮। জেলা শিক্ষা অফিসার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলা।
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা।
৯। সিস্টেম এনালিস্ট, শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, ঢাকা।
১০। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক।
১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১২। অফিস নথি।

(মোঃ মোস্তফা কামাল আহমেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট
ফোন ঃ ০৮২১- ৭২৩৩৬৪ (অফিস)